দামুড়হুদায় জোর পূর্বক জমি দখলের চেষ্টা : হত্যার হুমকি

দামুড়হুদায় প্রতিপক্ষের লোকজন মহিউদ্দিন ছেলে ছানোয়ারুল নামের এক ব্যক্তির জমি জোর পূর্বক দখলের চেষ্টা চালিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। দখলে বাঁধা দেওয়ায় প্রতিপক্ষের লোকজন হত্যার হুমকি দিয়েছে বলেও অভিযোগ উঠেছে।

জানাগেছে, গতকাল শুক্রবার বেলা ১১ দিকে উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের ধান্যঘরা গ্রামের বাগান মাঠ এলাকায় এ ঘটনা ঘটে। জমির মালিক মহিউদ্দিনের ছেলে ছানোয়ারুল জানান, কুড়ুলগাছির ধান্যঘরার বাগান মাঠ এলাকায় ২ কাটা জমি বাপ দাদার জমি দীর্ঘদিন ধরে ভোগ দখল করে শান্তিপূর্নভাবে চাষবাদ করছি ।

কিন্ত একই মাঠের পাশের জমির মালিক গনি মিস্ত্রির ছেলে প্রভাবশালী আসাদুল মিস্ত্রি(৫৪),ও এবং মোশারফ মিস্ত্রির ছেলে কামাল মিস্ত্রি (৩৮) ও জাকির মিস্ত্রি (৩৫), সাত্তার মিস্ত্রির ছেলে সবেদারমিস্ত্রি(৪০) সহ অজ্ঞাত ৪/৫ জন বেশকিছুদিন ধরে মহিউদ্দিনের ছেলে ছানোয়ারুল কাদির জমি জোর পূর্বক দখলের পায়তারা করে আসছিল। গত সোমবার সন্ধ্যার সময় ছানোয়ার তার জমি দেখে বাড়ি ফেরার সময় আসাদুল মিস্ত্রি গং দেশীয় অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে তার জমি জোর পুর্বক দখল করার চেষ্টা করে ও জমির বেড়া তুলে ফেলে দেয় এসময় ছানোয়ারুল বাঁধা দিলে তাকে মারধর করে কাটতে যায় সে সময় কৌশলে পালিয়ে আসে ছানোয়ার।

তারাই জের ধরে শুক্রবার বেলা ১১ টার আবারো আসাদুল মিস্ত্রি রহমানসহ অজ্ঞাত ৪/৫ জন দেশীয় অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে তার জমি পুনরায় জোর পূর্বক দখলের চেষ্টা চালায়। এসময় বাঁধা প্রদান করলে প্রতিক্ষের লোকজন ছানোয়ারকে অস্ত্রশস্ত্র দিয়ে ধাওয়া করে।

ছানুয়ারুলের -চিৎকারে আশপাশের লোকজন এগিয়ে আসলে প্রতিক্ষের লোকজন চলে যায়। পরে নিজে বাঁচার জন্য আসাদুল মিস্ত্রি নিজের জমির আলের ধারে থাকা ছোট ছোট মেহগনি চারা গাছ বহুলোকের সামনেই গাছগুলো কেটে প্রতিপক্ষকে ফাঁসাতে চাচ্ছে।

এ বিষয়ে দর্শনা থানার এএসআই তুহিন জানান, এজমি নিয়ে কোর্টে মামলা চলছে কোর্টের রায় না হওয়া পর্যন্ত কেউ জমিতে যেতে পারবে

না। এবং তদন্ত মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে।

দামুড়হুদার চারুলিয়ায় কৃষকের ২ বিঘা জমির ধানে বিষ

দামুড়হুদা উপজেলায় আগাছানাশক (বিষ) প্রয়োগে ২ বিঘা জমির ধান পুড়িয়ে দিয়েছে দূর্বৃত্তরা। নাটুদহ ইউনিয়নের চারুলিয়া গ্রামের আমনঝোলা মাঠে এ ঘটনা ঘটে।

চারুলিয়া গ্রামের নাজিম উদ্দিন (৭০) নামের এক কৃষকের ইরি ধানের ২ বিঘা জমিতে বিষ প্রয়োগ করে দূর্বৃত্তরা।
স্থানীয় সুত্রে জানা গেছে, চারুলিয়া গ্রামের কৃষক নাজিম উদ্দিনের নিজস্ব ২ বিঘা কৃষি জমিতে ইরি ধান রোপণ করে। ইতোমধ্যে পুড়িয়ে দেওয়া ধানের শীষ বের হচ্ছিলো। গতকাল বুধবার দিবাগত রাতে শত্রুতার জেরে আগাছা নাশক ছিটিয়ে ২ বিঘা জমির ধান পুড়িয়ে দিয়েছে বলে অভিযোগ কৃষক নাজিম উদ্দিনের।

তিনি জানান, আজ বৃহস্পতিবার সকালে মাঠ থেকে ঘুরে এসে অন্যান্য কৃষকরা আমাকে জানালে মাঠে গিয়ে দেখি জমির সবগুলো ধান আগাছানাশক বিষক্রিয়ায় পুড়ে গেছে। মনে করেছিলাম এবার হয়তো ভাল লাভবান হবো,কিন্তু দূষ্কৃতিকারীরা আগাছা নাশক বিষ ছিটিয়ে ধান পুড়িয়ে দিয়েছে। এতে আমার প্রায় লক্ষাসধিক টাকার ক্ষতি হয়েছে। এবছর আমার পরিবার নিয়ে অর্ধহারে – অনাহারে দিন কাটাতে হবে, বাড়িতে পরিবারের ছেলে মেয়ে সহ কান্নাকাটি করছে।এই ধানই ছিল আমার শেষ সম্বল, আমি এ ঘটনায় সুষ্ঠ তদন্ত করে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করছি।

এবিষয়ে দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মনিরুজ্জামান বলেন, আমি ঘটনাটি শুনেছি,ক্ষতিগ্রস্তের পরিবার আমার অফিসে এসেছিল। বিষয়টি তদন্ত করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তা নাজমুল ইসলামকে দায়িত্ব দেয়া হয়েছে। আমার সাধ্য অনুযায়ী সরকারের বিভিন্ন প্রনোদনার মাধ্যমে তাকে সার্বিক সহযোগিতা করবো।

দামুড়হুদা ও দর্শনা থানার নবাগত ওসি ও সংগীত শিল্পী ধীরু বাউলের সম্মাননা প্রদান

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম ও দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ সহ দেশবরেণ্য সংগীত বাউল শিল্পি সাংবাদিক মনিরুজ্জামান ধীরুকে সম্মাননা স্মারক প্রদান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭ টায় দর্শনা প্রেসক্লাব কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেনের সভাপতিত্বে এক মতবিনিময় সভায় সংক্ষিপ্ত বক্তব্যে নবাগত ওসি ফেরদৌস ওয়াহিদ ও সাইফুল ইসলাম বলেন, সাংবাদিকরা সমাজের দর্পণ। পুলিশ ও সাংবাদিক কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করলে সমাজ থেকে মাদক, সন্ত্রাস, ধর্ষণ, নারী নির্যাতন, বাল্যবিবাহ, চাঁদাবাজিসহ সব অপরাধ কমে যাবে।

দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডলের সঞ্চালনা আরও উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দর্শনা থানার পরিদর্শক (তদন্ত) এসএম আমানউল্লাহ, দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ওসমান আলী, সাংবাদিক সমিতির সভাপতি ও প্রেসক্লাবের সাবেক সভাপতি এবং বাউল হার্ট টমটেন তারকা দেশ বরণ্য কণ্ঠশিল্পি মনিরুজ্জামান ধীরু, প্রেসক্লাবের সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, সহসভাপতি জাহিদুল ইসলাম, সাবেক সাধারন সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবিব মামুন, এফএ আলমঙ্গীর, মনিরুজ্জামান সুমন, মাহমুদ হাসান রনি, ওয়াসিম রয়েল, হাসমত আলী, আব্দুল হান্নান, সুকুমল চন্দ্র বাঁধন, ইয়াছিন, ইমতিয়াজ রয়েল।

দামুড়হুদায় কুড়ুলগাছি ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন ইউএনও

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করেছেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

আজ মঙ্গলবার বেলা ১২টার দিকে তিনি ভূমি অফিস পরিদর্শন করেন। পরিদর্শনকালে উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা এ সময় তিনি ভূমি অফিসে আগত সেবা প্রত্যাশীদের সাথে কথা বলেন এবং তাদের খোঁজখবর নেন।

তিনি বলেন, সরকার ভূমিসেবা খাতে ব্যাপক উন্নয়ন করছে। ভূমিসেবা নিতে এসে সাধারণ জনগণ যাতে হয়রানি ও ভোগান্তির স্বীকার না হয় সে দিকে লক্ষ্য রাখার জন্য ইউনিয়ন ভূমি কর্মকর্তাদের প্রতি সঠিক দিকনির্দেশনা প্রদান করেন।

দামুড়হুদায় কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ

দামুড়হুদায় কৃষকদের মাঝে বিনামূল্যে আউশ ধানের বীজ, সার ও পাট বীজ বিতরণ করা হয়েছে। ২০২২-২৩ মৌসুমে উপজেলায় পাট ও আউশ ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষে ২০২৩-২৪ মরসুমের খরিপ আউশ প্রনদনার আওতায় অস্বচ্ছল কৃষকদের মাঝে এসব কৃষি উপকরণ বিতরণের শুভ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ০২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

গতকাল সোমবার সকাল ১০টার সময় দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা চত্বরে কৃষকদের মাঝে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণের শুভ উদ্বোধন করেন।

এসময় তিনি প্রধান অতিথির বক্তব্যে বলেন, ভীষন- ২০৪১ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে কৃষকদের মাঝে নিরবিচ্ছিন্ন ভাবে

কৃষি উপকরণ ও প্রণোদনা বিতরণ প্রদান অব্যাহত রয়েছে। বাংলাদেশের কৃষি উন্নয়নে বিপ্লব ঘটেছে। তারই ধারাবাহিকতায় দামুড়হুদা উপজেলা এখন কৃষিতে মডেল। আমাদের দেশ কৃষি প্রধান দেশ। কৃষির উন্নয়ন হলে দেশের উন্নয়ন হবে, সাধারণ মানুষের উন্নয়ন হবে। এসব কথা ভেবেই মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিনামূল্যে কৃষি উপকরণ সহ বীজ সার বিতরণ করছেন। একদম ফ্রীতে এসব দেওয়া হচ্ছে। শুধু মাত্র একটাই লক্ষ কৃষির যেন উন্নয়ন হয়, কৃষকের যেন উন্নয়ন হয়। তিনি আরও বলেন বর্তমান সরকার কৃষি বান্ধব সরকার। কৃষি ও কৃষকের উন্নয়নে বর্তমান সরকার নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন। কৃষি এ দেশের অর্থনীতির এক অতি গুরুত্বপূর্ণ খাত। বর্তমানে দেশে জিডিপির প্রায় অনেকাআংশ অর্জিত হয় কৃষি খাত থেকে। তার চেয়েও বড় কথা কৃষি এ দেশের জনমানুষের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা প্রদানের প্রধানতম এবং অন্যতম উৎস।

এখনও এ দেশের বিপুল জনসংখ্যার কর্মসংস্থানও হয়ে থাকে কৃষিকে অবলম্বন করেই। ফলে ক্রমবর্ধমান জনসংখ্যার জন্য খাদ্য সরবরাহ নিশ্চিতকরণ, জীবনযাত্রার মানোন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টি করতে হলে কৃষিক্ষেত্রে যে অধিকতর মনোযোগ দিতে হবে।

শুরুতেই ২০০৯ সনে নির্বাচিত হয়ে সরকার সেটি অনুধাবন করতে সক্ষম হয়। গত প্রায় এক যুগের বেশি সময় ধরে কৃষিক্ষেত্রে বিভিন্ন খাতে যে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে তা বর্তমান সরকারের কৃষি ভাবনার এক বাস্তব প্রতিফলন। ১৯৭৪ সালের বাসন্তীর কাহিনী তুলে ধরে এমপি আলী আজগার টগর বলেন, বর্তমানে আবারো ষড়যন্ত্র শুরু হয়েছে। ছোট্ট একটা শিশুকে ১০টি টাকা দিয়ে প্রথম আলো ঘটনাটি ঘটিয়েছে।

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিভাস চন্দ্র সাহা’র সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী অফিসার ইউএনও রোকসানা মিতা।

এসময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আঃ করিম বিশ্বাস, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দীন, সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, উপজেলা

শ্রমিকলীগের সভাপতি হাজি আব্দুল কাদির, উপজেলা আওয়ামী লীগের অন্যতম নেতা সেলিম উদ্দিন বগা, উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু প্রমূখ।

আলোচনা শেষে উপজেলার ৩ হাজার ৮০০ জন কৃষককে আউশধানের বীজ, সার ও ৭ হাজার ৬৬০ জন কৃষককে মাথাপিছু এক কেজি করে পাট বীজ বিতরণ করা হয়। এসময় গোবিন্দহুদা সি আইজি পুরুষ (ফসল) সমিতি কে ৩ লক্ষ ৭৮ হাজার টাকা’র চেক প্রদান করা হয়।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন উপসহকারী কৃষি কর্মকর্তা সোহরাব হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম প্রমূখ। অনুষ্ঠানের সঞ্চালনা ও সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান।

দামুড়হুদা মানবতার দৃষ্টান্ত স্থাপন করলেন ইউএনও রোকসানা মিতা

দামুড়হুদা মানবতার দৃষ্টান্ত স্থাপন করলেন ইউএনও রোকসানা মিতা গাড়ি থামিয়ে আহত নারীকে রাস্তা থেকে তুলে চিকিৎসার জন্য হাসপাতালে পাঠালেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা।

সোমবার ৩ টার সময় চিৎলা সড়কের উপর সড়ক দূর্ঘটনার কবলে পড়া এক নারীকে রাস্তা থেকে তুলে তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠিয়ে দেন চিকিৎসার জন্য।

জানাগেছে, উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা উপজেলার প্রশাসন কার্যলয় থেকে কার্পাসডাঙ্গার উদ্যেশে রওনা হয়ে চিৎলায় পৌছালে রাস্তার পাশে দেখতে পান চন্দ্রবাস গ্রামের এক নারী সড়ক দূর্ঘটনায় আহত হয়ে রাস্তার পাশে অবস্থান করছে। তিনি গাড়ি থেকে

নেমে আহত নারীর পাশে গিয়ে তাকে দ্রুত উদ্ধার করে চিকিৎসার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানোর ব্যবস্থা করেন।

দামুড়হুদা হাউলীতে টিসিবির পণ্য পাচ্ছে না কার্ডধারীরা

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে টিসিবির পণ্য পাচ্ছে না কার্ডধারীরা। গতকাল বুধবার সকাল ৮টায় শুরু হয় টিসিবির পণ্য বিতরণ। কিন্তু যাদের নামে টিসিবির কার্ড আছে তারা পাচ্ছে না পণ্য।

সরজমিনে জানাগেছে হাউলী ইউনিয়ন পরিষদে গতকাল টিসিবির পণ্য বিতরণ করা হয়। বিতরণে কার্ডধারীরা পণ্য না পাওয়ার অভিযোগ উঠেছে। কার্ড থাকতেও নতুন করে করা হয়েছে টোকন ব্যাবস্থা। টোকন গুলো ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে ওয়ার্ডের মেম্বারদের কাছে হস্তান্তর করা হয়েছে। তারা কার্ডধারীদের কাছে টোকন পৌঁছে দেবে এবং সেই টোকনে পণ্য উঠবে। এরকমই ব্যবস্থা করা হয়েছে ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে। কিন্তু প্রকৃত পক্ষে সব কার্ডধারীদের কাছে নতুন টোকন পৌঁছে না দেওয়ার কারণে এমন উদ্ভটতম পরিস্থিতির সৃষ্টি হয়েছে। ফলে টিসিবির পণ্য পাচ্ছেনা প্রকৃত কার্ডধারীরা।

হাউলী ইউনিয়নে ২২০৬ জনের নামে টিসিবির কার্ড রয়েছে। কিন্তু প্রায় ৩/৪শো গ্রাহক এই পণ্য পায়নি। খোদ হাউলী ইউনিয়ন পরিষদের আয়া হাজেরা খাতুন এর নামে টিসিবির কার্ড থাকা সত্বেও সে টোকন পায়নি। ফলে তার কার্ডে এমাসে সে পণ্য তুলতে পারেনি। এতো গেলো এক জনের কথা। ইউনিয়নে এরকম অসংখ্য মানুষ টিসিবির কার্ড থাকা সত্বেও টোকন পাইনি, ফলে পণ্য তুলতে পারেনি তারা। সব কিছুর অডিও ভিডিও রেকর্ড সংরক্ষণ আছে এই প্রতিবেদকের কাছে।

নাম প্রকাশ না করার শর্তে জৈনক ব্যক্তি বলেন, শুধুমাত্র নিজেদের স্বার্থে টোকনের ব্যবস্থা করা হয়েছে। যাতে যাকে ইচ্ছা তাকে টোকন দেওয়া যায়। যাদের নামে টিসিবির কার্ড নেই মূলত তাদেরকেই টোকন দেওয়া হয়েছে। ফলে বঞ্চিত হচ্ছে টিসিবির প্রকৃত

কার্ডধারীরা। একজন ব্যক্তির চার পাঁচটা কার্ডের পণ্য তুলতে দেখা গেছে। এমন অসংখ্য ব্যক্তি একাধিক কার্ডের পণ্য তুলেছেন। এতে কার্ডের সুষমবন্টন হচ্ছে না। ফলে দারিদ্রতা কমছে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনার একটি মহৎ উদ্যোগ এই টিসিবির পণ্য বিতরণ। কিন্তু সরকারের কোটি কোটি টাকা ভর্তুকি দিয়ে সাধারণ মানুষের জন্য টিসিবির প্রকল্পের লক্ষ্য ব্যাহত হচ্ছে। এবিষয়ে অতি দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা একান্ত প্রয়োজন।

এবিষয়ে ট্যাগ অফিসার আতিকুর রহমান বলেন, যে টোকন জমা দিচ্ছে তাকে মাল দেওয়া হচ্ছে। আমার মাল বুঝ করে দেওয়ার দায়িত্ব। ইউনিয়নের ২২০৬ জনের টোকনের বিপরিতে মাল দেওয়া হয়েছে।

এবিষয়ে হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন বলেন, শুনেছি কেউ কেউ নাকি টোকন পায়নি। যার যার ওয়ার্ডের টোকন সেই সেই মেম্বারের কাছে বুঝ করে দেওয়া হয়েছে। আগামীতে যাতে টিসিবির প্রকৃত কার্ডধারীরা শতভাগ পণ্য নিতে পারেন সেই রকম ব্যবস্থা গ্রহণ করা হবে।

এবিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা বলেন, টিসিবির প্রকৃত কার্ডধারীরা যদি পণ্য না পায় তাহলে সরজমিনে তদন্ত পূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। টিসিবির কার্ড নিয়ে কোনরকম অনিয়ম মেনে নেওয়া হবেনা। সে যেই হোক তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদায় কৃষি সেবায় সুশাসন প্রতিষ্ঠায় মতবিনিময় সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় কৃষি সেবায় সুশাসন প্রতিষ্ঠায় ও কৃষকদের ক্ষমতায়ন প্রকল্প (চাষাবাদ) গভীর নলকূপ, এল এলপি, সৌরবিদ্যুৎ চালিত সেচ পাম্প মালিক সভাপতি সেক্রেটারি ম্যানেজারগণের সাথে সেচ মূল্য সংক্রান্ত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ৩টার সময় দামুড়হুদা উপজেলা কৃষি অফিসের আয়োজনে দি এশিয়া ফাউন্ডেশনের সহযোগিতায় রিসো’র বাস্তবায়নে উপজেলা শিল্পকলা অডিটোরিয়াম হলে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান এর সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা।

এসময় উপস্থিত ছিলেন জেলা কৃষক জোটের সাধারণ সম্পাদক অধ্যাপক শাহাজান আলী, উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস, উপজেলা কৃষক জোটের সভাপতি ইমতিয়াজ হোসেন, সি:সহসভাপতি সামসুল ইসলাম, সাধারণ সম্পাদক আজাদুর রহমান, সংরক্ষিত মহিলা ইউপি সদস্য হাসিনা বেগম, উপসহকারী কৃষি অফিসার মেহেদী হাসান, জালাল আহম্মেদ, বিএডিসি ক্ষুদ্র ছেচ প্রকল্প অফিসার দিদার – ই- খোদা, রিসোর প্রোগ্রাম অফিসার আদিল হোসেন, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা। মনিটারিং ও ডকুমেন্টসন অফিসার দারুল ইসলামসহ ইউনিয়ন কৃষক জোটের সভাপতি, সাধারণ সম্পাদক বৃন্দ।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনা ও সঞ্চালনায় ছিলেন প্রকল্প সমন্বয়কারী অফিসার মশিউর রহমান।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে ভিডব্লিউবি পুষ্টি চাউল বিতরণ

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে ভিডব্লিউবি নির্বাচিত উপকার ভোগীদের মধ্যে পুষ্টি চাউল বিতরণের শুভ উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকাল ১০টার সময় দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদ চত্বরে এই চাউল বিতরণের শুভ উদ্বোধন করা হয়। ২০২৩-২৪ চক্রের জানুয়ারি ও ফেব্রুয়ারী মাসের চাউল বিতরণ করার মধ্যো দিয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ভিডব্লিউবি কার্ডের ৩৭৪ জন উপকারভুগীর

কার্ডের চাউল বিতরণ করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে উক্ত চাউল বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় তিনি বলেন পিছিয়ে পড়া জনগোষ্ঠী মহিলাদেরকে আরো সামনের দিকে এগিয়ে আনার লক্ষ্যেই সামাজিক নিরাপত্তার বেষ্টনীর আওতায় ভিডব্লিউবি কার্ড দেওয়া হয়েছে। দুই বছর আপনারা ৩০ কেজি করে চাউল পাবেন। আপনাদের কথা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভেবেছেন। তাই আপনারা এই সুবিধা পাচ্ছেন। প্রকৃত মানুষ যেন এই চাউল পাই সেদিকে সবাইকে খেয়াল রাখতে হবে।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, ইউপি সচিব শামীম রেজা, ইউপি সদস্য সামসুল ইসলাম, জাহিদুল ইসলাম, হাসান আলী, নূরুল ইসলামসহ সব ইউপি সদস্য ও উপকার ভূগীরা।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে ভিডব্লিউবি চাউল বিতরণ

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে ভিডব্লিউবি চাউল বিতরণের শুভ উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে ৯টার সময় হাউলী ইউনিয়ন পরিষদ চত্বরে এই চাউল বিতরণের শুভ উদ্বোধন করা হয়।

২০২৩-২৪ চক্রের জানুয়ারি ও ফেব্রুয়ারী মাসের চাউল বিতরণ করার মধ্যো দিয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ভিডব্লিউবি কার্ডের ৩৭৪ জন উপকারভুগীর কার্ডের চাউল বিতরণ শুরু হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে উক্ত চাউল বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর

বাবু। এসময় তিনি বলেন পিছিয়ে পড়া মহিলাদেরকে আরো সামনের দিকে এগিয়ে আনার লক্ষ্যেই সামাজিক নিরাপত্তার বেষ্টনীর আওতায় ভিডব্লিউবি কার্ড দেওয়া হয়েছে। দুই বছর আপনারা ৩০ কেজি করে চাউল পাবেন। আপনাদের কথা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভেবেছেন। তাই আপনারা এই সুবিধা পাচ্ছেন। প্রকৃত মানুষ যেন এই চাউল পাই সেদিকে সবাই খেয়াল রাখবেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান।

এসময় আরও উপস্থিত ছিলেন, ট্যাগ অফিসার আতিকুর রহমান, হাউলী ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিন, প্যানেল চেয়ারম্যান ২ শহিদুল ইসলাম, ইউপি সদস্য আ: হান্নান পটু, শাহাজামাল হোসেন, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা, আব্দুল্লা সেলিম, রহিমা খাতুন, সাবিনা ইয়াসমিন মিনি। সংরক্ষিত মহিলা ইউপি সদস্য রওশনারা খাতুন রানি, রহিমা খাতুন। হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর শামসুল ইসলাম, ভিডব্লিউবি ফিল্ড ট্রেনার মিনারুল ইসলাম, ডিজিটাল সেন্টারের উদ্দোক্তা মাহমুদা পারভীন, সামসুজ্জোহা সৌরভ। গ্রাম পুলিশ আ: আজিজ, শরিফুল ইসলাম, বিজয় কুমার দাস, ইউসুফ আলী প্রমূখ।